

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০৪২.০০০০.০০০.২২.০০২.১৫.১৪৫৯

তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩১
১ অক্টোবর, ২০২৪

বিষয়: জেলা পরিষদের আওতাধীন উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।


সূত্র: (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর: ৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১.১৩৬৬, তারিখ: ১৮ আগস্ট, ২০২৪।

(২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর: ৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১.১৪৪৫, তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২৪।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪-এর ৮২ক ধারা মোতাবেক স্থানীয় সরকার বিভাগের অধীন ৬১টি জেলা পরিষদে (তিনটি পার্বত্য জেলা ব্যতীত) ইতোমধ্যে প্রশাসক নিয়োগ করা হয়েছে এবং প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক কমিটি গঠন করা হয়েছে।

০২। জেলা পরিষদের অধিক্ষেত্রে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও রাজস্ব তহবিলের আওতায় উন্নয়ন প্রকল্প গ্রহণ, প্রশাসনিক অনুমোদন ও বাস্তবায়ন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক অনুমোদনের অপেক্ষাধীন প্রকল্পের ক্ষেত্রে পুনঃ/নতুন প্রকল্প গ্রহণ করতে হবে;
- (খ) ইতঃপূর্বে অনুমোদিত কিন্তু বাস্তবায়ন করা সম্ভব হয়নি এমন প্রকল্প বাস্তবতার নিরিখে পরিবর্তনক্রমে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে;
- (গ) জেলা পরিষদের সক্ষমতা অনুযায়ী রাজস্ব তহবিলের আওতায় নতুন প্রকল্প গ্রহণ করতে হবে;
- (ঘ) বিশেষ বরাদ্দের ক্ষেত্রে প্রকল্প নির্ধারিত না হয়ে থাকলে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে; এবং
- (ঙ) নতুন প্রকল্প গ্রহণ এবং প্রকল্প পরিবর্তনের ক্ষেত্রে প্রকল্পের যৌক্তিকতা, উপযোগিতা ও জনকল্যাণমুখীতা যথাযথভাবে যাচাইপূর্বক জেলা পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে।


০১/১০/২৪
মোঃ হাবিবুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
E-mail: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, (সকল);
২. প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,(সকল)।

স্মারক নম্বর : ৪৬.০৪২.০০০০.০০০.২২.০০২.১৫.১৪৫৯/১(১০)

তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩১
১ অক্টোবর, ২০২৪

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. বিভাগীয় কমিশনার,(সকল);
৪. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. পরিচালক, স্থানীয় সরকার,(সকল);